# ২৮ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১
তারিখ : ২৪.০২.২০১২
[কোড : সুরমা]
সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

**যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল**

গাজীপুর, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ি, শরিয়তপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, ফেনী, কক্সবাজার

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

**০১. আমারে ছাড়িয়া এত ব্যথা যার কেমন করিয়া হায়, কবর দেশেতে ঘুমায়ে রয়েছে নিঝঝুম নিরালায়! পঙ্ক্তিটি কোন কবির রচনা?**

ক. মোজাম্মেল হক খ. গোলাম মোস্তফা
গ. সুফিয়া কামাল ঘ. জসীমউদ্‌দীন

উত্তর ✓ ঘ ব্যাখ্যা: পঙ্ক্তিটি পল্লিকবি জসীমউদ্‌দীন রচিত 'কবর' কবিতার অন্তর্ভুক্ত। মাত্রাবৃত্ত ছন্দে রচিত কবিতাটিতে ১১৮টি পঙ্ক্তি রয়েছে। কবিতাটি প্রথম প্রকাশিত হয় 'কল্লোল' পত্রিকায়। কবিতাটি কবির প্রথম কাব্যগ্রন্থ 'রাখালী'র অন্তর্ভুক্ত।

**০২. কোন উপন্যাসটি আখতারুজ্জামান ইলিয়াস রচিত?**

ক. আবদুল্লাহ্ খ. চিলেকোঠার সেপাই
গ. দেনাপাওনা ঘ. কেরী সাহেবের মুনশী

উত্তর ✓ খ ব্যাখ্যা: উনসত্তরের গণআন্দোলনের প্রেক্ষাপটে রচিত 'চিলেকোঠার সেপাই' উপন্যাসটির রচয়িতা আখতারুজ্জামান ইলিয়াস। তার অপর বিখ্যাত উপন্যাস হচ্ছে 'খোয়াবনামা'। 'আবদুল্লাহ্' কাজী ইমদাদুল হক রচিত বিখ্যাত উপন্যাস।

**০৩. 'অয়োময়' নাটকটির রচয়িতা কে?**

ক. হুমায়ূন আহমেদ খ. আবদুল্লাহ আল মামুন
গ. জহির রায়হান ঘ. রশীদ হায়দার

উত্তর ✓ ক ব্যাখ্যা: হুমায়ূন আহমেদ রচিত কিছু বিখ্যাত উপন্যাস যা পরবর্তীতে নাটক হিসেবে রূপায়িত হয়েছে- অয়োময়, বহুব্রীহি, এইসব দিনরাত্রি, নক্ষত্রের রাত, আজ রবিবার, কোথাও কেউ নেই, অপরাহ্ণ ইত্যাদি।

**০৪. 'কোনোভাবেই যা নিবারণ করা যায় না।'- এক কথায় কী হবে?**

ক. অনিবার্য খ. অনন্যোপায়
গ. অদম্য ঘ. অসম্ভব

উত্তর ✓ ক ব্যাখ্যা: অদম্য- যা দমন করা যায় না। অনন্যোপায় - যার অন্য উপায় নেই। অসম্ভব - যা হতে পারে না।

**০৫. 'যা অধ্যয়ন করা হয়েছে।'- এক কথায় কী হবে?**

ক. পঠিত খ. অধীত
গ. অধ্যয়িত ঘ. অধ্যায়িত

উত্তর ✓ খ ব্যাখ্যা: অধীত - যা অধ্যয়ন করা হয়েছে। পঠিত - পাঠ করা হয়েছে এমন। পঠিতব্য - পাঠ করতে হবে এমন।

**০৬. কোন বানানটি শুদ্ধ?**

ক. নীরিক্ষণ খ. নিরীক্ষন
গ. নিরীক্ষণ ঘ. নীরীক্ষণ

উত্তর ✓ গ ব্যাখ্যা: কয়েকটি শুদ্ধ বানান - নিপীড়িত, নিরীক্ষণ, নিরীহ, নিশীথ, নিশীথিনী, নিমীলিত।

**০৭. কোনটি শুদ্ধ বানান?**

ক. স্বায়ত্তশ্বাশন খ. স্বায়ত্তসাশণ
গ. স্বায়তশাসণ ঘ. স্বায়ত্তশাসন

উত্তর ✓ ঘ ব্যাখ্যা: কয়েকটি শুদ্ধ বানান - স্বায়ত্তশাসন, সান্ত্বনা, সদ্যোজাত, স্বতঃস্ফূর্ত, মুহূর্ত, মূর্ধন্য, মরূদ্যান, ব্যতীত।

**০৮. অহঙ্কার পতনের মূল-বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য

উত্তর ✓ খ ব্যাখ্যা: ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তাই করণ কারক। 'অহংকার পতনের মূল' বাক্যটিকে যদি প্রশ্ন করা হয় 'কীসের দ্বারা বা কী উপায়' পতন হয়? তাহলে উত্তর পাওয়া যায় অহংকারে। তাই অহংকার করণ কারক।

**০৯. নেহাল অঙ্কে খুব কাঁচা- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী

উত্তর ✓ ঘ ব্যাখ্যা: ক্রিয়ার সঙ্গে কোথায়, কিসে, কখন যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক। অর্থাৎ স্থান, সময়, বিষয় বোঝালে অধিকরণ কারক হয়। 'নেহাল অঙ্কে খুব কাঁচা' বাক্যটিকে 'কিসে বা কোন বিষয়ে কাঁচা?' প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় 'অঙ্কে'। সুতরাং 'অঙ্কে' অধিকরণ কারক।

**১০. 'পদ্ধতি' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**

ক. পদ্ + হতি খ. পৎ + হতি
গ. পদ্ + ধতি ঘ. পৎ + ধতি

উত্তর ✓ ক ব্যাখ্যা: ত্ ও দ্ -এর পর হ্ থাকলে ত্ ও দ্ -এর স্থলে দ এবং হ্ এর স্থলে ধ্ হয়। যেমন : উৎ + হার = উদ্ধার; উৎ + হৃত = উদ্ধৃত; পদ্ + হতি = পদ্ধতি; তদ্ + হিত = তদ্ধিত।

**১১. 'ইত্যাদি' কোন সমাস (ইতি হতে আদি)?**

ক. তৎপুরুষ খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি

উত্তর ✓ ক ব্যাখ্যা: পূর্বপদে বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায় তাকে তৎপুরুষ সমাস বলে। পূর্বপদে পঞ্চমী বিভক্তি (হতে, থেকে, চেয়ে ইত্যাদি) লোপে যে তৎপুরুষ সমাস হয় তাই পঞ্চমী তৎপুরুষ সমাস। যেমন : জেল থেকে মুক্তি = জেলমুক্ত, পরাণের চেয়ে প্রিয় = পরাণপ্রিয়।

**১২. 'খঞ্জন' পাখি' কোন সমাস (খঞ্জন নামের যে পাখি)?**

ক. তৎপুরুষ | খ. কর্মধারয়
গ. বহুব্রীহি | ঘ. অব্যয়ীভাব

উত্তর ✓ খ ব্যাখ্যা কর্মধারয় সমাসে সাধারণত যে, যিনি, যেটি ইত্যাদি শব্দ ব্যাসবাক্যে ব্যবহৃত হয়। কর্মধারয় সমাসে পরপদের অর্থই প্রধান। যেমন : মহান যে রাজা = মহারাজ ; নব যে অন্ন = নবান্ন ; কু যে অর্থ = কদর্থ ; কু যে আচার = কদাচার।

**১৩. 'শিরে-সংক্রান্তি' বাগ্‌ধারাটির অর্থ কী?**

ক. আসন্ন বিপদ | খ. মাথাব্যথা
গ. মহাবিপদ | ঘ. মাথার বোঝায়

উত্তর ✓ ক ব্যাখ্যা 'শিরে-সংক্রান্তি' বাগ্‌ধারাটির অর্থ : আসন্ন বিপদ। 'শিবরাত্রির সলতে' অর্থ : একমাত্র সন্তান/বংশধর। 'শনির দশা' অর্থ : দুঃসময়।

**১৪. কোনটি 'নদী' শব্দের সমার্থক শব্দ?**

ক. জলধি | খ. পয়োধি
গ. জলধর | ঘ. শৈবালিনী

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'নদী' এর সমার্থক শব্দ : তটিনী, সরিৎ, শৈবালিনী, তরঙ্গিনী, স্রোতস্বতী, স্রোতস্বিনী, নির্ঝরিণী, প্রবাহিণী। 'সমুদ্র' এর সমার্থক শব্দ : জলধি, পয়োধি, জলধর, সাগর, অর্ণব, জলনিধি, উদধি, পাথার, পারাবার, বারিধি, রত্নাকর, সিন্ধু।

**১৫. 'নির্মল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**

ক. পঙ্কিল | খ. অপরিষ্কার
গ. নোংরা | ঘ. অনির্মল

উত্তর ✓ ক ব্যাখ্যা কয়েকটি বিপরীতার্থক শব্দ : প্রসন্ন - বিষণ্ণ ; মনীষা - নির্বোধ ; প্রাচী - প্রতীচী ; সংশয় - প্রত্যয়।

**১৬. কোনটি শুদ্ধ বানান?**

ক. Agreable | খ. Agreeable
গ. Agreeabel | ঘ. Agreabel

উত্তর ✓ খ ব্যাখ্যা Agreeable (adj.) – মনোরম, সম্মত।

**১৭. কোন বানানটি শুদ্ধ?**

ক. Buracrat | খ. Bureaucret
গ. Bureaucrat | ঘ. Buracrate

উত্তর ✓ গ ব্যাখ্যা Bureaucrat (N.) – সরকারি কর্মকর্তা, আমলা।

**১৮. কোনটি Material Noun?**

ক. Wood | খ. Mouth
গ. Team | ঘ. Knife

উত্তর ✓ ক ব্যাখ্যা যা গণনা করা যায় না। কিন্তু ওজন করা যায় এই জাতীয় পদার্থবাচক বিশেষ্যকে Material noun বলে। অপশন গুলোর মধ্যে (ক) wood একটি পদার্থবাচক বিশেষ্য।

**১৯. কোনটি Collective Noun?**

ক. June | খ. Team
গ. Month | ঘ. Envelope

উত্তর ✓ খ ব্যাখ্যা Collective noun বলতে সমষ্টিবাচক বিশেষ্য বোঝায়। অপশন (ঘ) Team দ্বারা সমষ্টি বোঝায়।

**২০. 'The man is climbing the cliff' বাক্যটির Passive form হবে-**

ক. The cliff is climbed by the man.
খ. The cliff is being climbed by the man.
গ. The cliff has been climbed by the man.
ঘ. The cliff was being climbed by the man.

উত্তর ✓ খ ব্যাখ্যা Active voice এর passive করতে হলে নিয়মটি হবে: Active এর object + Tense অনুযায়ী Auxillary verb (এখানে is being) + মূল verb এর Past Participle + by + Active voice এর subject এর objective form।

**২১. 'He taught me to read Arabic' বাক্যটির Passive form হবে-**

ক. I was taught by him to read Arabic
খ. I have been taught by him to read Arabic
গ. I had been taught by him to read Arabic
ঘ. I was being taught by him to read Arabic

উত্তর ✓ ক ব্যাখ্যা Active voice এর passive করতে হলে নিয়মটি হবে: Active voice এর object (me) এর nominative form (I) + tense অনুযায়ী auxiliary verb (was) + মূল verb এর participle + by + subject এর objective form (him) + বাকী অংশ হবে।

**২২. He said to me, 'Wait until I come.' বাক্যটির indirect speech হবে-**

ক. He asked me to wait until he came.
খ. He asked me to wait until he comes
গ. He told me to wait until he has come
ঘ. He told me for wait until he has returned

উত্তর ✓ ক ব্যাখ্যা Imperative sentence এর ক্ষেত্রে direct speech থেকে indirect speech করার নিয়ম: subject + requested/ ordered/ asked/told + to + Reported speech এর মূল verb থেকে শেষ পর্যন্ত। কিন্তু যদি আরেকটি clause থাকে (untill .I come) এটির ও person এবং tense নিয়মানুযায়ী পরিবর্তিত হবে।

**২৩. Anwar said, "What a fool I am!" বাক্যটির indirect speech হবে-**

ক. Anwar said that he is a great fool
খ. Anwar told that he has been a great fool
গ. Anwar exclaimed that he was a great fool
ঘ. Anwar told that he had been a great fool

উত্তর ✓ গ ব্যাখ্যা Exclamatory sentence 'what' দ্বারা শুরু হলে indirect speech করার নিয়মটি হবে: subject + exclaimed/exclaimed with sorrow + that + reported speech এর subject (person change) + প্রদত্ত verb এর past form বসে + a/an থাকলে বসে + great বসে + বাকি অংশ বসে (যদি থাকে)।

**২৪. Anger may be compared — fire. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. with　　খ. to
গ. on　　ঘ. against

উত্তর ✓ খ ব্যাখ্যা সমজাতীয় জিনিসের সাথে তুলনা করার জন্য 'compare with' ব্যবহার করা হয়। For example: coco-cola can be compared with pepsi. কিন্তু অসম বস্তুর সাথে তুলনা করার সময় compare to ব্যবহার করা হয়। যেমন Anger ও fire অসম বিষয় বলে এখানে 'to' বসবে।

**২৫. Feed the baby — milk. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. to　　খ. in
গ. on　　ঘ. with

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কাউকে কোন কিছু দিয়ে খাওয়ানো অর্থে feed with ব্যবহার করা হয়।

**২৬. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**

ক. I feel unwell.
খ. I took a bath.
গ. I am somewhat sure.
ঘ. I sold my furnitures.

উত্তর ✓ ক,খ ব্যাখ্যা Linking verb + unwell হাওয়ায় অপশন (ক) সঠিক। কিন্তু ইংরেজী রীতি অনুযায়ী গোসল করা অর্থে Take a bath ব্যবহার করা হয়।

**২৭. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**

ক. The cart was laden fully
খ. Your information is false
গ. Listen to my advices
ঘ. Who brought these news?

উত্তর ✓ গ ব্যাখ্যা সঠিক উত্তরটি হবে 'খ'। অপশন (ক) তে শব্দ চয়ন জনিত ভুল রয়েছে। অপশন (গ) তে advice শব্দটিকে plural করা যাবে না কারণ এটি একটি uncountable noun. (খ) তে news একটি singular noun হওয়ায় This news ব্যবহার করতে হবে।

**২৮. কোনটি 'Joyful' শব্দের সমার্থক শব্দ?**

ক. Gloomy　　খ. Depressed
গ. Dull　　ঘ. Cheerful

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Joyful→আনান্দদায়ক/ সানন্দ/ উৎফুল্ল। (ক) Gloomy→বিষণ্ণ। (ঘ) depressed→ হতাশ/ বিষন্ন/ মনমরা। (গ) Dull→ আনন্দহীন/নিস্তেজ/ এক ঘেঁয়ে। (ঘ) Cheerful→ আনান্দিত/প্রফুল্ল / উৎফুল্ল।

**২৯. কোনটি 'Vacant' শব্দের সমার্থক শব্দ?**

ক. Blank　　খ. Engaged
গ. Busy　　ঘ. Employed

উত্তর ✓ ক ব্যাখ্যা Vacant→খালি/ ফাঁকা/ শূন্য। (ক) Blank→ খালি/ ফাঁকা/ শূন্য। (খ) Engaged→ জড়িত/ ব্যস্ত/ নিযুক্ত। (গ) Busy→ ব্যস্ত। (ঘ) Employed→ নিরত/ নিযুক্ত/ কর্মী।

**৩০. 'In blank and white' এর অর্থ-**

ক. In writing　　খ. Temporary
গ. False　　ঘ. Verbally

উত্তর ✓ ক ব্যাখ্যা 'In black and white' idiom টির অর্থ লিখিত আকারে (in writing)। For example: submit your address in black and white।

**৩১. $a - \frac{1}{a} = 3$ হলে, $a^3 - \frac{1}{a^3}$ এর মান হবে–**

ক. 18　　খ. 24
গ. 36　　ঘ. 42

উত্তর ✓ গ ব্যাখ্যা $a^3 - \frac{1}{a^3} = \left(a - \frac{1}{a}\right)^3 + 3.a.\frac{1}{a}\left(a - \frac{1}{a}\right)$
$= 3^3 + 3.3 = 27 + 9 = 36$

**৩২. $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক –**

ক. $x + y + 1$　　খ. $x + y - 1$
গ. $x - y - 1$　　ঘ. $x - 2y + 1$

উত্তর ✓ খ ব্যাখ্যা $x^2 - y^2 + 2y - 1$
$= x^2 - (y^2 - 2y + 1)$
$= x^2 - (y - 1)^2$
$= (x - y + 1)(x + y - 1)$

**৩৩. যদি ১২ জন শ্রমিক ৪ দিনে ২৮৮০ টাকা আয় করে, তবে ৮ জন শ্রমিক কতদিনে সমপরিমাণ টাকা আয় করবে?**

ক. ৩ দিনে　　খ. ৪ দিনে
গ. ৫ দিনে　　ঘ. ৬ দিনে

উত্তর ✓ ঘ ব্যাখ্যা
১২ জন শ্রমিক আয় করে ৪ দিনে
১ " " " " ১২ × ৪ "
৮ " " " " $\frac{১২ \times ৪}{৮}$ = ৬ দিনে।

**৩৪. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ২০ কিমি ও ৪ কিমি। নদীপথে ৯৬ কিমি দূরত্ব অতিক্রম করে পুনরায় যাত্রাস্থানে ফিরে আসতে সময় লাগবে–**

ক. ৬ ঘণ্টা　　খ. ৮ ঘণ্টা
গ. ১০ ঘণ্টা　　ঘ. ১২ ঘণ্টা

উত্তর ✓ গ ব্যাখ্যা স্রোতের অনুকূলে, সময় = $\frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের যোগফল}}$

$= \frac{৯৬}{২০ + ৪} = \frac{৯৬}{২৪} = ৪$ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে, সময় = $\frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের বিয়োগফল}}$

$= \frac{৯৬}{২০ - ৪} = \frac{৯৬}{১৬} = ৬$ ঘণ্টা

মোট সময় লাগে = ৬ + ৪ = ১০ ঘণ্টা।

**৩৫. একজন লোক সপ্তাহে ৫০০০ টাকা আয় করেন এবং ৪৫০০ টাকা ব্যয় করেন। তার ব্যয়ের সাথে সঞ্চয়ের অনুপাত হবে–**

ক. ৯ : ১　　খ. ১ : ৯
গ. ১০ : ৯　　ঘ. ৫ : ১

উত্তর ✓ ক ব্যাখ্যা সঞ্চয় = আয় – ব্যয়
= ৫০০০ – ৪৫০০
= ৫০০ টাকা
ব্যয় : সঞ্চয় = ৪৫০০ : ৫০০ = ৯ : ১।

**৩৬. ৩৫ লিটার অকটেন-পেট্রোল মিশ্রণে, পেট্রোল ও অকটেনের অনুপাত ৪ : ৩। এতে আর কত অকটেন মিশালে পেট্রোল ও অকটেনের অনুপাত ৪ : ৫ হবে?**

ক. ৮ লিটার | খ. ১০ লিটার
গ. ১২ লিটার | ঘ. ১৫ লিটার

উত্তর ✓ খ ব্যাখ্যা অনুপাতের যোগফল ৪ + ৩ = ৭

পেট্রোল আছে $\left(৩৫ \text{ এর } \frac{৪}{৭}\right) = ২০$ লিটার

অকটেন আছে $\left(৩৫ \text{ এর } \frac{৩}{৭}\right) = ১৫$ লিটার

ধরি, x লিটার অকটেন মিশাতে হবে।

শর্তমতে, $\frac{x + ১৫}{২০} = \frac{৫}{৪}$

$\Rightarrow ৪x + ৬০ = ১০০$

$\Rightarrow ৪x = ১০০ - ৬০ = ৪০$

$x = \frac{৪০}{৪} = ১০$

$\therefore x = ১০$ লিটার।

**৩৭. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?**

ক. $\frac{৩}{৪}$ | খ. $\frac{৪}{৯}$
গ. $\frac{৭}{৯}$ | ঘ. $\frac{৯}{১৩}$

উত্তর ✓ গ ব্যাখ্যা

$\frac{৩}{৪} = ০.৭৫;\ \frac{৪}{৯} = ০.৪৪;\ \frac{৭}{৯} = ০.৭৮;\ \frac{৯}{১৩} = ০.৬৯$

**৩৮. $\frac{০.১ \times ০.২ \times ০.০০৩}{০.০১ \times ০.০২ \times ০.০৩}$ - এর মান কত?**

ক. ০.১ | খ. ০.০১ | গ. ০.০০১ | ঘ. ১০

উত্তর ✓ ঘ ব্যাখ্যা $\frac{০.১ \times ০.২ \times ০.০০৩}{০.০১ \times ০.০২ \times ০.০৩}$

$= \frac{১ \times ২ \times ৩ \times ১০০ \times ১০০ \times ১০০}{১ \times ২ \times ৩ \times ১০ \times ১০ \times ১০০০} = ১০$

**৩৯. একটি গ্রামের লোকসংখ্যা ৬% হারে বর্ধিত হয়ে ১৪৮৪ হলে পূর্বের লোকসংখ্যা কত ছিল?**

ক. ১৩৫০ | খ. ১৪০০
গ. ১৪৪০ | ঘ. ১৪৬০

উত্তর ✓ খ ব্যাখ্যা

৬% বৃদ্ধিতে বর্তমান লোকসংখ্যা = ১০০ + ৬ = ১০৬ জন

বর্তমান লোকসংখ্যা ১০৬ জন হলে পূর্বের লোকসংখ্যা ১০০ জন

" " ১ " " " " $\frac{১০০}{১০৬}$ "

" " ১৪৮৪ " " " " $\frac{১০০ \times ১৪৮৪}{১০৬}$ "

= ১৪০০ জন।

**৪০. বৃত্তের কেন্দ্র হতে ২৪ সেমি দীর্ঘ জ্যা-এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য ৫ সেমি হলে ব্যাসার্ধের দৈর্ঘ্য হবে–**

ক. ১৩ সেমি | খ. ১৪ সেমি
গ. ১২ সেমি | ঘ. ১৫ সেমি

উত্তর ✓ ক ব্যাখ্যা

বৃত্তের কেন্দ্র হতে জ্যা এর উপর অঙ্কিত লম্ব OD = ৫ সে.মি.

AB = ২৪ সে.মি. সুতরাং AD = BD = $\frac{২৪}{২}$ = ১২ সে.মি.।

যেহেতু কেন্দ্র হতে অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখণ্ডকে বিভক্ত করে। এখন OA = ?


∴ ΔOAD সমকোণী ত্রিভুজে,

$OA^2 = OD^2 + AD^2$

$= (৫)^2 + (১২)^2$

$= ২৫ + ১৪৪$

$\Rightarrow OA = \sqrt{১৬৯} = ১৩$




**৪১. একটি সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১৩৫° হলে বহুভুজটির বাহুর সংখ্যা হবে–**

ক. ৬ | খ. ৭
গ. ৮ | ঘ. ১০

উত্তর ✓ গ ব্যাখ্যা আমরা জানি, $\frac{n - ২}{n} \times ১৮০° = ১৩৫°$

$\Rightarrow \frac{n - ২}{n} = \frac{১৩৫}{১৮০}$

$\Rightarrow \frac{n - ২}{n} = \frac{৩}{৪}$

$\Rightarrow ৪n - ৮ = ৩n$

$\Rightarrow ৪n - ৩n = ৮$

$\therefore n = ৮$

**৪২. একজন দোকানদার ১০% লাভে একটি জিনিস ৫৫ টাকায় বিক্রি করেন। জিনিসটির ক্রয়মূল্য কত?**

ক. ৪২ টাকা | খ. ৪৫ টাকা
গ. ৪৮ টাকা | ঘ. ৫০ টাকা

উত্তর ✓ ঘ ব্যাখ্যা

১০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ১০) = ১১০ টাকা।

বিক্রয়মূল্য ১১০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{১১০}$ টাকা

" ৫৫ " " " $\frac{১০০ \times ৫৫}{১১০}$ টাকা

= ৫০ টাকা।

**৪৩. কোনো পরীক্ষায় ৮৫% পরীক্ষার্থী পদার্থবিদ্যায়, ৮১% পরীক্ষার্থী রসায়নশাস্ত্রে এবং ৭৬% পরীক্ষার্থী উভয় বিষয়ে পাস করেছে। শতকরা কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করেছে?**

ক. ৮ জন | খ. ১০ জন
গ. ১১ জন | ঘ. ১২ জন

উত্তর ✓ খ ব্যাখ্যা শুধু পদার্থবিদ্যায় পাস করে (৮৫ − ৭৬)% = ৯%

শুধু রসায়নশাস্ত্রে পাস করে (৮১ − ৭৬)% = ৫%

পদার্থ বা রসায়ন বা উভয় বিষয়ে পাস করে (৯ + ৫ + ৭৬)% = ৯০%

∴ উভয় বিষয়ে ফেল করে (১০০ − ৯০)% = ১০%

**৪৪. ১ থেকে ৫১ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?**

ক. ২৬ খ. ২৮
গ. ৩০ ঘ. ৩১

উত্তর ✓ ক ব্যাখ্যা ১ থেকে ৫১ পর্যন্ত সংখ্যার সমষ্টি $= \frac{n(n+১)}{২}$

$$= \frac{৫১(৫১+১)}{২} = \frac{৫১ \times ৫২}{২} = ১৩২৬$$

$$১ \text{ থেকে } ৫১ \text{ পর্যন্ত সংখ্যার গড় } = \frac{১৩২৬}{৫১} = ২৬$$

**৪৫. একজন মাঝি স্রোতের অনুকূলে ১ ঘন্টায় ৩ মাইল যায় এবং ৩ ঘন্টায় যাত্রাস্থানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘন্টায় গড় বেগ কত?**

ক. $১\frac{১}{২}$ খ. $১\frac{২}{৩}$
গ. $১\frac{৩}{৪}$ ঘ. $১\frac{৩}{৫}$

উত্তর ✓ ক ব্যাখ্যা মোট দূরত্ব = ৩ + ৩ = ৬ মাইল
মোট সময় = ১ + ৩ = ৪ ঘন্টা
গড় বেগ $= \frac{৬}{৪} = ১\frac{১}{২}$ মাইল/ঘন্টা

**৪৬. তাপ সঞ্চালনের দ্রুততম প্রক্রিয়া কোনটি?**

ক. পরিবহন খ. পরিচালন
গ. বিকিরণ ঘ. এর কোনোটিই নয়

উত্তর ✓ গ ব্যাখ্যা তাপ সঞ্চালন প্রধাণত তিনটি পদ্ধতিতে হয়। যথা: পরিবহন, পরিচলন এবং বিকিরণ। অন্য দুই পদ্ধতিতে মাধ্যমের প্রয়োজন হয়। কিন্তু বিকিরন পদ্ধতিতে মাধ্যমের প্রয়োজন হয় না, তাই দ্রুত তাপ সঞ্চালিত হয়।

**৪৭. নিচের কোনটির বিদ্যুৎ পরিবাহিতা সবচেয়ে বেশি?**

ক. রূপা খ. তামা
গ. সোনা ঘ. কার্বন

উত্তর ✓ ক ব্যাখ্যা কোনো পরিবাহকের পরিবাহিতার মান নির্ভর করে পরিবাহকের উপাদান, সক্রিয়তা ক্রম এবং তাপমাত্রার উপর। উল্লিখিত অপশনে রূপার বিদ্যুৎ পরিবাহিতা সবচেয়ে বেশি।

**৪৮. নিচের কোনটি পানিতে দ্রবীভূত হয় না?**

ক. ক্যালসিয়াম কার্বনেট খ. সোডিয়াম ক্লোরাইড
গ. চিনি ঘ. সালফিউরিক এসিড

উত্তর ✓ ক ব্যাখ্যা ক্যালসিয়াম কার্বনেট একটি রাসয়নিক যৌগ যার সংকেত $CaCO_3$। পাথর বা শিলার মধ্যে একটা সাধারণ উপাদান এবং সামদ্রিক প্রাণীর খোলস, শামুক, ডিমের খোসা ইত্যাদির প্রধান উপাদান। ক্যালসিয়াম কার্বনেট পানিতে দ্রবীভূত হয় না।

**৪৯. নিচের কোনটি রাসায়নিক পরিবর্তন?**

ক. লোহার মরিচা ধরা
খ. তাপ দ্বারা মোম গলানো
গ. বরফ গলে পানি হওয়া
ঘ. লবণ পানিতে দ্রবীভূত হওয়া

উত্তর ✓ ক ব্যাখ্যা যে পরিবর্তনের ফলে বস্তু তার নিজস্ব সত্ত্বা হারিয়ে সম্পূর্ণ ধর্ম বিশিষ্ট বস্তুতে পরিণত হয় তাকে রাসায়নিক পরিবর্তনের বলে। যেমন: লোহার মরিচা ধরা, দুধ থেকে দই হওয়া।

**৫০. ইয়াসির আরাফাত নোবেল পুরস্কার পান কোন সালে?**

ক. ১৯৯৩ খ. ১৯৯৪
গ. ১৯৯৫ ঘ. ১৯৯৬

উত্তর ✓ খ ব্যাখ্যা ইয়াসির আরাফাত ২৪ আগষ্ট ১৯২৯ সালে মিশরের কায়রোতে জন্মগ্রহন করেন। তিনি ১৯৬৪ সালে পিএলও গঠন করেন। তিনি শান্তিতে নোবেল পুরস্কার পান ১৯৯৪ সালে। ইয়াসির আরাফাত মৃত্যুবরন করেন ১১ নভেম্বর ২০০৪ সালে ফ্রান্সে। তাকে রামাল্লায় দাফন করা হয়।

**৫১. চাঁদের মাটিতে প্রথম পা রাখেন কে?**

ক. মাইকেল কলিন্স খ. ইউরি গ্যাগারিন
গ. নীল আর্মস্ট্রং ঘ. এডুইন অলড্রিন উত্তর গ

**৫২. খাদ্যের কোন উপাদান রক্তের হিমোগ্লোবিন তৈরিতে সাহায্য করে?**

ক. আমিষ খ. শর্করা
গ. স্নেহ ঘ. ভিটামিন

উত্তর ✓ ক ব্যাখ্যা কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন ও নাইট্রোজেন এ চারটি পদার্থের সমন্বয়ে আমিষ গঠিত। দেহের অস্থি, পেশি, লোম, পাখির পালক, নখ, পশুর শিং, রক্তকণিকা প্রভৃতি আমিষ দ্বারা গঠিত। আমিষ রক্তের হিমোগ্লোবিন তৈরিতে সাহায্য করে।

**৫৩. প্রোটিনের মূল উপাদান কী?**

ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. হাইড্রোজেন ঘ. কার্বন

উত্তর ✓ খ ব্যাখ্যা আমিষ বা প্রোটিন প্রাণীদেহের গঠনে অপরিহার্য উপাদান। আমিষে ১৬% নাইট্রোজেন আমিষের মূল উপদান।

**৫৪. এইচআইভি কী?**

ক. ব্যাকটেরিয়া খ. সায়ানো ব্যাকটেরিয়া
গ. ভাইরাস ঘ. ছত্রাক

উত্তর ✓ গ ব্যাখ্যা এইচআইভি যার পূর্ণনাম Human Immune Deficiency Virus এক ধরনের ভাইরাস। এটি দেহের স্বাভাবিক রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট করে দেয়। ফলে শরীরে শ্বাসতন্ত্রের রোগ, মস্তিষ্কের রোগ এবং টিউমার প্রভৃতি নানা রকমের বিরল রোগের সংক্রমণ ঘটে।

**৫৫. এইডস সংক্রমণের জন্য ঝুঁকিপূর্ণ কারা?**

ক. অল্পবয়সী ছেলেমেয়েরা খ. অল্পবয়সী মেয়েরা
গ. অল্পবয়সী ছেলেরা ঘ. বৃদ্ধ-বৃদ্ধারা

উত্তর ✓ ক ব্যাখ্যা রক্তদান বা গ্রহণ, অনিয়ন্ত্রিত যৌন সম্পর্ক প্রভৃতির মাধ্যমে এইডস রোগ ছড়ায়। অল্পবয়সী ছেলেমেয়েরা অবাধে মেলামেশার কুফল জানে না। তাদের অনিয়ন্ত্রিত যৌন সম্পর্কের কারণে তারা ঝুঁকিপূর্ণ।

**৫৬. কিসের অভাবে শিশুদের রিকেটস রোগ হয়?**

ক. ভিটামিন 'বি' খ. ভিটামিন 'সি'
গ. ভিটামিন 'ডি' ঘ. ভিটামিন 'কে'

উত্তর ✓ গ ব্যাখ্যা ভিটামিন 'ডি' এর অভাবে শিশুদের রিকেটস রোগ হয়। এ রোগের ফলে শিশুদের পেট ফুলে উঠে ও হাড় বেঁকে যায়।

**৫৭. 'মিষ্টি কুমড়া' কোন ধরনের খাদ্য?**

ক. শ্বেতসার খ. আমিষ
গ. স্নেহ জাতীয় ঘ. ভিটামিন

উত্তর ✓ ঘ ব্যাখ্যা মাখন, ঘি, তেল- স্নেহ জাতীয় খাদ্য। মাছ, মাংস, ডিম আমিষ জাতীয় এবং মিষ্টি কুমড়া, পুঁইশাক, আম, জাম ভিটামিন জাতীয় খাবার।

**৫৮. দেহের ক্ষয়পূরণ ও বৃদ্ধিসাধনের জন্য কোন উপাদানটি দরকার?**

ক. শ্বেতসার খ. আমিষ
গ. স্নেহ ঘ. খনিজ লবণ

উত্তর ✓ খ ব্যাখ্যা প্রাণীদেহের গঠনে প্রোটিন অপরিহার্য। দেহের ক্ষয়পূরণ ও বৃদ্ধি সাধন করা আমিষের প্রধান কাজ।

**৫৯. 'মঙ্গল' গ্রহের কয়টি উপগ্রহ আছে?**

ক. ২টি খ. ৩টি
গ. ৪টি ঘ. কোনো উপগ্রহ নেই

উত্তর ✓ ক ব্যাখ্যা সৌরজগতের এবং পৃথিবীর নিকটতম গ্রহের মধ্যে অন্যতম গ্রহ হলো মঙ্গল গ্রহ। এর উপগ্রহের সংখ্যা ২টি। ডিমোস ও ফোবোস।

**৬০. বাংলাদেশ সরকার কবে 'পলিথিন ব্যবহার নিষিদ্ধ' আইন প্রণয়ন করে?**

ক. ১৯৯৮ সালে খ. ২০০০ সালে
গ. ২০০২ সালে ঘ. ২০০৪ সালে

উত্তর ✓ গ ব্যাখ্যা বাংলাদেশ সরকার ঢাকা মহানগরে সব ধরনের পলিথিন শপিং ব্যাগের উৎপাদন, ব্যবহার ও বাজারজাতকরণ নিষিদ্ধ করে ১ জানুয়ারি ২০০২ সালে। সমগ্র বাংলাদেশে নিষিদ্ধ করা হয় ১ মার্চ ২০০২ সালে।

**৬১. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য সংখ্যা কত?**

ক. ৪ খ. ৫
গ. ৬ ঘ. ৭

উত্তর ✓ খ ব্যাখ্যা জাতিসংঘের নিরাপত্তা বা স্বস্তি পরিষদের সদস্য দেশ ১৫টি। এর মধ্যে স্থায়ী ৫টি এবং অস্থায়ী ১০টি সদস্য। স্থায়ী ৫টি সদস্য দেশ হচ্ছে- যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, রাশিয়া ও চীন। এই পাঁচটি স্থায়ী সদস্যের veto ক্ষমতা রয়েছে। অস্থায়ী সদস্য দেশ নির্বাচিত হয় ২ বছরের জন্য।

**৬২. কোন ধাতুর গলনাঙ্ক সবচেয়ে কম?**

ক. দস্তা খ. সিসা
গ. লোহা ঘ. পারদ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা যে নির্দিষ্ট তাপমাত্রায় কোনো কঠিন পদার্থ গলতে শুরু করে তাকে পদার্থের গলনাঙ্ক বলে। পারদের গলনাঙ্ক সবচেয়ে কম।

**৬৩. পানিতে কার্বন ডাইঅক্সাইডের দ্রবণকে বলা হয়—**

ক. সোডা ওয়াটার খ. মিল্ক অব লাইম
গ. ওয়াটার গ্যাস ঘ. মার্ক পারহাইড্রল

উত্তর ✓ ক ব্যাখ্যা উচ্চচাপে পানিতে কার্বন ডাই অক্সাইডকে দ্রবীভূত করা হয়। পানিতে কার্বন ডাই অক্সাইডের দ্রবণকে সোডা ওয়াটার বলে। সেভেন আপ, স্প্রাইট, কোকাকোলা ইত্যাদি পানীয় গুলো এক ধরনের সোডা ওয়াটার।

**৬৪. 'হার্ডডিস্ক' মাপার একক হল —**

ক. মেগাবাইট খ. গিগাবাইট
গ. কিলোবাইট ঘ. টেরাবাইট

উত্তর ✓ খ ব্যাখ্যা কম্পিউটারের যে মেমোরি কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশের সঙ্গে সরাসরি সংযোগ থাকে না এবং যেখানে তথ্য স্থায়ীভাবে সংরক্ষণ করা হয় তাকে সহায়ক মেমোরি বলে। হার্ডডিস্ক এক ধরনের সহায়ক মেমোরি এবং তা মাপার একক হল গিগাবাইট।

**৬৫. বহুমূত্র রোগে কোন হরমোনের দরকার হয়?**

ক. এনড্রোজেন খ. এস্ট্রোজেন
গ. ইনসুলিন ঘ. থাইরক্সিন

উত্তর ✓ গ ব্যাখ্যা শরীরে অগ্ন্যাশয় হতে নিঃসৃত ইনসুলিন নামক হরমোনের অভাবে রক্তে শর্করার পরিমান স্থায়ীভাবে বেড়ে যায় এবং অতিরিক্ত শর্করা প্রসাবের সঙ্গে বের হয়। ফলে ডায়াবেটিস বা বহুমূত্র রোগ হয়। বহুমূত্র রোগে ইনসুলিন দরকার হয়।

**৬৬. পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য দেশের মোট আয়তনের শতকরা কত ভাগ বনভূমি থাকা দরকার?**

ক. ১৮ ভাগ খ. ২২ ভাগ
গ. ২৫ ভাগ ঘ. ২৯ ভাগ

উত্তর ✓ গ ব্যাখ্যা পরিবেশের ভারসাম্য রক্ষায় দেশের মোট আয়তনের ২৫ ভাগ বনভূমি থাকা প্রয়োজন।

**৬৭. আদর্শ মাটিতে কত ভাগ জৈব পদার্থ থাকে?**

ক. ৪% খ. ৫%
গ. ৭% ঘ. ৮%

উত্তর ✓ খ ব্যাখ্যা জীবজন্তু, গাছপালা, আর্বজনা প্রভৃতি মাটিতে চাপা পড়ে যে পদার্থের সৃষ্টি করে তাই জৈব পদার্থ। আদর্শ মাটিতে ৫% জৈব পদার্থ থাকা জরুরী।

**৬৮. পেট্রোলের আগুন পানি দ্বারা নেভানো যায় না, কারণ—**

ক. পেট্রোলের সাথে পানি মিশে যায়
খ. পেট্রোল পানির সাথে মিশে না
গ. পেট্রোল পানির চেয়ে হালকা
ঘ. খ ও গ উভয়ই ঠিক

উত্তর ✓ ঘ ব্যাখ্যা পেট্রোল উদ্বায়ী পদার্থ এবং পানির সাথে মিশে না। এটি পানির চেয়ে হালকা তাই পেট্রোলের আগুন পানি দ্বারা নেভানো যায় না।

**৬৯. আকাশের উজ্জ্বলতম নক্ষত্রের নাম—**

ক. ধ্রুব নক্ষত্র খ. লুব্ধক
গ. সুরনদী ঘ. প্রক্সিমা সেন্টারাই

উত্তর ✓ খ ব্যাখ্যা যে সকল বৃহদাকার জ্যোতিষ্কের নিজস্ব আলো রয়েছে তাদেরকে নক্ষত্র বলা হয়। আকাশের উজ্জ্বলতম নক্ষত্রের নাম লুব্ধক।

**৭০. চাঁদে কোনো জিনিসের ওজন পৃথিবীতে ঐ জিনিসের ওজনের—**

ক. ৬ ভাগের ১ ভাগ খ. চেয়ে কম
গ. চেয়ে বেশি ঘ. সমান

উত্তর ক

**৭১. সুমাত্রা দ্বীপটি অবস্থিত –**

ক. বঙ্গোপসাগরে

খ. আরব সাগরে

গ. ভারত মহাসাগরে

ঘ. প্রশান্ত মহাসাগরে

উত্তর ✓ গ ব্যাখ্যা সুমাত্রা এককভাবে ইন্দোনেশিয়ার বৃহত্তম দ্বীপ। পৃথিবীর দ্বীপগুলোর মধ্যে এটি আয়তনে ৬ষ্ঠ। ভারত মহাসাগরে অবস্থিত সুমাত্রা দ্বীপের আয়তন ৪,৭৩,৪৮১ বর্গ কিলোমিটার। এই দ্বীপের জনসংখ্যা প্রায় পাঁচ কোটি।

**৭২. গ্রিনিচে যখন সময় রবিবার সকাল ৬টা তখন এর ৯০° পূর্বদিকে অবস্থিত স্থানের সময় হবে–**

ক. শনিবার রাত্রি ১২টা

খ. শনিবার সন্ধ্যা ৬টা

গ. রবিবার সন্ধ্যা ৬টা

ঘ. রবিবার দুপুর ১২টা

উত্তর ঘ

**৭৩. দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়–**

ক. ১ সেপ্টেম্বর ১৯৩৯ খ. ১ ডিসেম্বর ১৯৩৯

গ. ১ মার্চ ১৯৪০ ঘ. ১ জুন ১৯৪০

উত্তর ✓ ক ব্যাখ্যা জার্মান চ্যান্সেলর এডলফ হিটলার কর্তৃক পোল্যান্ড আক্রমণের মাধ্যমে ১ সেপ্টেম্বর ১৯৩৯ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পিতৃভূমি বলা হয় রাশিয়াকে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে বাফার স্টেট ছিল বেলজিয়াম। জাপান কর্তৃক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ২ সেপ্টেম্বর ১৯৪৫ সালে আনুষ্ঠানিকভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি ঘটে।

**৭৪. সরকারি ভাষা হিসেবে এদেশে ইংরেজির ব্যবহার শুরু হয় কোন সন থেকে?**

ক. ১৭৬৫ খ. ১৮২৪

গ. ১৮৩৫ ঘ. ১৮৫৭

উত্তর ✓ গ ব্যাখ্যা লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক সরকারি ভাষা হিসেবে এদেশে ইংরেজির ব্যবহার শুরু করেন ১৮৩৫ সালে। তিনি উচ্চ আদালতে ও সরকারি কাজকর্মে ফার্সি ভাষার পরিবর্তে মাতৃভাষা ও ইংরেজি ভাষার প্রচলন করেন।

**৭৫. পূর্ব বাংলায় যুক্তফ্রন্ট কত সালে গঠন করা হয়?**

ক. ১৯৫৩ সালে খ. ১৯৫৪ সালে

গ. ১৯৫৫ সালে ঘ. ১৯৫৬ সালে

উত্তর ✓ ক ব্যাখ্যা ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনের জন্য চারটি দল একত্রিত হয়ে যুক্তফ্রন্ট গঠন করে ৪ ডিসেম্বর ১৯৫৩ সালে। দল চারটি হচ্ছে আওয়ামী লীগ, কৃষক শ্রমিক পার্টি, নেজামে ইসলাম ও গণতন্ত্রী দল। যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা ২১ দফার ভিত্তিতে পরিচালিত হয়, যার প্রথম দফা ছিল বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করা।

**৭৬. কোন মোঘল সম্রাট 'জিজিয়া কর' রহিত করেন?**

ক. হুমায়ুন খ. আকবর

গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব

উত্তর ✓ খ ব্যাখ্যা জিজিয়া কর হলো ইসলামী রাষ্ট্রে ইসলামী আইন অনুকূলে স্থায়ীভাবে বসবাসরত অমুসলিমদের জন্য প্রতি বাৎসরিক ধার্যকৃত কর। মোঘল সম্রাট জালালউদ্দীন মুহাম্মদ আকবর 'জিজিয়া কর' রহিত করেন।

**৭৭. পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদে কতটি আসন ছিল?**

ক. ২৫০টি খ. ২৭৫টি

গ. ৩০০টি ঘ. ৩০৯টি

উত্তর ✓ ঘ ব্যাখ্যা পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদের আসন সংখ্যা ছিল ৩০৯টি। এর মধ্যে মুসলিম আসন ২৩৭টি এবং অমুসলিমদের জন্য সংরক্ষিত আসন ৭২টি। ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট ২৩৭টি আসনের মধ্যে ২২৩ টি আসনে জয়লাভ করে।

**৭৮. প্রাপ্ত পদকের সংখ্যা অনুযায়ী ১৯৮৪ সালে সাফ গেমসে বাংলাদেশের অবস্থান ছিল–**

ক. ২য় খ. ৩য়

গ. ৪র্থ ঘ. ৫ম

উত্তর ✓ ঘ ব্যাখ্যা সাউথ এশিয়ান গেমস প্রথম অনুষ্ঠিত হয় ১৯৮৪ সালে নেপালের কাঠমান্ডুতে। এই প্রতিযোগিতায় প্রাপ্ত পদকের সংখ্যা অনুযায়ী বাংলাদেশের অবস্থান ছিল পঞ্চম। ২০১৬ সালে ভারতের গুয়াহাটি ও শিলং এ অনুষ্ঠিত ১২তম সাফ গেমসে বাংলাদেশ পঞ্চম স্থান অধিকার করে। ২০১৮ সালে ১৩তম সাফ গেমস অনুষ্ঠিত হবে নেপালের কাঠমান্ডুতে।

**৭৯. রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়–**

ক. ১৯৪৭ সালে খ. ১৮৫০ সালে

গ. ১৯৫৩ সালে ঘ. ১৯৫৭ সালে

উত্তর ✓ গ ব্যাখ্যা বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম বিশ্ববিদ্যালয় 'রাজশাহী বিশ্ববিদ্যালয়' রাজশাহী জেলার মতিহারে অবস্থিত। স্যাডলার কমিশনের সুপারিশ অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১৯৫৩ সালের ৬ জুলাই। প্রথম উপাচার্য ছিলেন প্রফেসর ইতরাত হোসেন জুবেরী। ক্যাম্পাসের আয়তন ৭৫৩ একর।

**৮০. ঘোড়াশাল সার কারখানায় উৎপাদিত সারের নাম–**

ক. ইউরিয়া খ. টিএসপি

গ. অ্যামোনিয়া ঘ. সালফেট

উত্তর ✓ ক ব্যাখ্যা ঘোড়াশাল সার কারখানার অপর নাম ইউরিয়া ফার্টিলাইজার ফ্যাক্টরি লিমিটেড। কারখানাটি নরসিংদি জেলার ঘোড়াশালে অবস্থিত। সার কারখানাটি ১৯৭০ সালে প্রতিষ্ঠিত। এখানে কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয় প্রাকৃতিক গ্যাস এবং উৎপাদিত সারের নাম ইউরিয়া।